

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৩২

১/ বিবিধ

আরবী

قوموا كلکم فتوضأوا
باطل

رواه ابن عساکر (17/360/2) عن يحيى بن عبد الله البابلي: حدثنا الأوزاعي: حدثني
واصل بن أبي جميل أبو بكر عن مجاهد قال: " وجد النبي صلى الله عليه وسلم (1)
ريحا، فقال: ليقيم صاحب الريح فليتوضأ، فإن الله لا يستحيي من الحق، فقال
العباس: يا رسول الله أفلا نقوم كلنا فنتوضأ؟ فقال: فذكره
قلت: وهذا سند ضعيف، مسلسل بالعلل: الإرسال من مجاهد وهو ابن جبر وضعف
واصل بن أبي جميل والبابلي
وأصل الحديث موقوف، فقد روى مجالد: نا عامر عن جرير يعني ابن عبد الله البجلي
" أن عمر رضي الله عنه صلى بالناس، فخرج من إنسان شيء، فقال: عزمت على
صاحب هذه إلا توضأ، وأعاد صلاته. فقال جرير: أوتعزم على كل من سمعها أن
يتوضأ، وأن يعيد الصلاة، قال: نعماً قلت، جزاك الله خيراً، فأمرهم بذلك
أخرجه الطبراني في " المعجم الكبير " (1/107/1) : حدثنا معاذ بن المثنى: نا مسدد:
نا يحيى عن مجالد
قلت: وهذا إسناد رجاله كلهم ثقات، رجال مسلم غير معاذ بن المثنى وهو ثقة مترجم
في " تاريخ بغداد "، غير أن مجالداً وهو ابن سعيد الهمداني قال الحافظ في " التقريب
": ليس بالقوي، وقد تغير في آخر عمره

فقول الهيثمي (1/244)

رواه الطبراني في " الكبير " ورجاله رجال الصحيح

قلت: فهذا القول، مما لا يخفى بعده عن الصواب على من عرف ما بينا ويشبه هذا الحديث ما يتداوله كثير من العامة، وبعض أشباههم من الخاصة، زعموا أن النبي صلى الله عليه وسلم كان يخطب ذات يوم، فخرج من أحدهم ريح، فاستحيا أن يقوم من بين الناس، وكان قد أكل لحم جزور، فقال رسول الله صلى الله عليه وسلم سترا عليه: " من أكل لحم جزور فليتوضأ ". فقام جماعة كانوا أكلوا من لحمه فتوضأوا

وهذه القصة مع أنه لا أصل لها في شيء من كتب السنة ولا في غيرها من كتب الفقه والتفسير فيما علمت، فإن أثرها سييء جدا في الذين يروونها، فإنها تصرفهم عن العمل بأمر النبي صلى الله عليه وسلم لكل من أكل من لحم الإبل أن يتوضأ، كما ثبت في " صحيح مسلم " وغيره: قالوا: يا رسول الله أنتوضأ من لحوم الغنم؟ قال: لا، قالوا: أفنتوضأ من لحوم الإبل؟ قال: توضأوا

فهم يدفعون هذا الأمر الصحيح الصريح بأنه إنما كان سترا على ذلك الرجل، لا تشريعا! وليت شعري كيف يعقل هؤلاء مثل هذه القصة ويؤمنون بها، مع بعدها عن العقل السليم، والشرع القويم؟ ! فإنهم لوتفكروا فيها قليلا، لتبين لهم ما قلناه بوضوح، فإنه مما لا يليق به صلى الله عليه وسلم أن يأمر بأمر لعله زمنية. ثم لا يبين للناس تلك العلة، حتى يصير الأمر شريعة أبدية، كما وقع في هذا الأمر، فقد عمل به جماهير من أئمة الحديث والفقه، فلو أنه صلى الله عليه وسلم كان أمر به لتلك العلة المزعومة لبينها أتم البيان، حتى لا يضل هؤلاء الجماهير باتباعهم للأمر المطلق! ولكن قبح الله الوضاعين في كل عصر وكل مصر، فإنهم من أعظم الأسباب التي أبعدت كثيرا من المسلمين عن العمل بسنة نبيهم صلى الله عليه وسلم، ورضي الله عن الجماهير العاملين بهذا الأمر الكريم، ووفق الآخرين للاقتداء بهم في ذلك وفي اتباع كل سنة صحيحة. والله ولي التوفيق

বাংলা

১১৩২। তোমরা সকলে দাঁড়াও অতঃপর অযু করো।

হাদিসটি বাতিল।

হাদীসটিকে ইবনু আসাকির (১৭/৩৬০/২) ইয়াহইয়া ইবনু আবদিল্লাহ বাবলাতী সূত্রে আওয়াঈ হতে, তিনি ওয়াসিল ইবনু আবী জামীল আবু বাকর হতে, তিনি মুজাহিদ হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির বাতাস ছাড়ার আলামত পেয়ে বললেনঃ যে ব্যক্তি বাতাস ছেড়েছে সে যেন উঠে গিয়ে অযু করে। কিন্তু সে ব্যক্তি দাঁড়াতে লজ্জা পেলে রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবারও বললেনঃ এ বাতাস ত্যাগকারী ব্যক্তি উঠে গিয়ে যেন অযু করে। কারণ আল্লাহ তা'আলা সত্যের (হক প্রকাশের) ব্যাপারে লজ্জাবোধ করেন না। এ সময় ইবনু আব্বাস (রাঃ) বললেনঃ আমরা সকলে উঠে গিয়ে কি অযু করবো না? তিনি এ সময় উল্লেখিত নির্দেশ প্রদান করেন।

আমি (আলবানী) বলছিঃ ধারাবাহিক একাধিক কারণে হাদীসটির সনদটি দুর্বল। মুজাহিদ ইবনু জাবর হতে মুরসাল হিসেবে বর্ণিত হয়েছে আর ওয়াসিল ইবনু আবী জামীল এবং ইয়াহইয়া ইবনু আবদিল্লাহ বাবলাতী দুর্বল।

হাদীসটি মুজালিদ ইবনু সাঈদ হামদানী সূত্রে আব্দুল্লাহ ইবনু উমার (রাঃ) হতে মওকুফ হিসেবে বর্ণিত হয়েছে। যেটিকে ত্ববারানী “আল-মুজামুল কাবীর” গ্রন্থে (১/১০৭/১) বর্ণনা করেছেন।

কিন্তু মওকুফ হিসেবেও সহীহ নয়, কারণ এ মুজালিদ সম্পর্কে হাফিয ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেনঃ তিনি শক্তিশালী নন, তার শেষ বয়সে মস্তিষ্ক বিকৃতি ঘটেছিল। অতএব হায়সামী (১/২৪৪) যে বলেছেনঃ বর্ণনাকারীগণ সহীহ বর্ণনাকারী। তার এ মন্তব্যটি সঠিক থেকে দূরবর্তী মন্তব্য সেই ব্যক্তির নিকট, যিনি আমাদের ব্যাখ্যা বুঝতে সক্ষম হয়েছেন।

এ হাদীসটির সাথে বহু সাধারণ মানুষ এবং তাদের ন্যায় কিছু খাস ব্যক্তিদের নিকট প্রসিদ্ধ এক ঘটনার সাদৃশ্যতা রয়েছে। তারা ধারণা করেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন খুৎবাহ দিচ্ছিলেন, এমতাবস্থায় তাদের একজন থেকে বাতাস বের হলে সে লোকদের মধ্য থেকে দাঁড়াতে লজ্জাবোধ করল। সে ব্যক্তি উঠের মাংস খেয়েছিল। তাই রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার মর্যাদাহানি হওয়া থেকে রক্ষার জন্য বললেনঃ “যে ব্যক্তি উঠের মাংস খাবে সে যেন অযু করে।” এ সময় একদল লোক যারা উঠের মাংস খেয়েছিল তারা উঠে গেলো অতঃপর অযু করলো।

আমার জানা মতে সুন্নাত এবং সুন্নাত ছাড়া ফিকহ ও তাফসীরের কোন গ্রন্থেও এ ঘটনার কোনই ভিত্তি নেই। তা সত্ত্বেও এর কুপ্রভাব ঘটনাটি বর্ণনাকারীদের নিকট বিস্তৃতি লাভ করেছে। কারণ বানোয়াট ঘটনাটি তাদেরকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যে উঠের মাংস খেলে অযু করার নির্দেশ দিয়েছেন, ইমাম মুসলিম প্রমুখ মুহাদ্দিস কর্তৃক বর্ণিত সে সহীহ্ বিশুদ্ধ হাদীস থেকে বিমুখ করেছে। সে হাদীসটি হচ্ছে এরূপঃ

"সাহাবীগণ বললেন" হে আল্লাহর রসূল! ছাগলের মাংস খেলে আমরা কি অযু করবো? তিনি বললেনঃ না। তারা আবার প্রশ্ন করলেনঃ উটের মাংস খেলে কি আমরা অযু করবো? তিনি বললেনঃ হ্যাঁ, তোমরা অযু করো।" [মুসলিম (৩৬০), তিরমিযী (৮১), আবু দাউদ (১৮৪), ইবনু মাজাহ (৪৯৪, ৪৯৫) ও আহমাদ বর্ণনা করেছেন]।

অথচ তারা উক্ত বানোয়াট ঘটনার দ্বারা এ সহীহ্ বিশুদ্ধ হাদীসকে প্রত্যাখ্যান করছে।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72011>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন